

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৪৩

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩  
২৮ জুন ২০২৬

**বিষয়: জুন-২৬ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।**

**বিদ্যুৎ পরিস্থিতি :** খুলনা মহানগরী ও জেলার বিভিন্ন এলাকায় প্রতিদিন প্রায় ২-৩ ঘণ্টার মতো লোড শেডিং দেখা দিচ্ছে। স্থানীয় পল্লীবিদ্যুৎ অফিস জানিয়েছে ৬টি গ্রিডে বিদ্যুৎ উৎপাদন বন্ধ থাকার কারণে সাময়িকভাবে এ সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তবে খুব শীঘ্রই এ গ্রিডগুলোতে পুনঃউৎপাদনের লক্ষ্যে পল্লীবিদ্যুৎ অফিসের পাশাপাশি কাজ করে যাচ্ছে খুলনা ওজোপাডিকো।

**স্থানীয় বিষয় :** খুলনা নগরীর অন্যতম গুরুত্বপূর্ণ প্রবেশপথ গল্লামারী এলাকায় নতুন সেতু নির্মাণ প্রকল্প প্রায় শেষের পথে। ময়ূর নদীর ওপর নির্মাণাধীন এই সেতু সম্পন্ন হলে খুলনা শহরের যান চলাচল, বাণিজ্যিক কার্যক্রম এবং আঞ্চলিক সংযোগে উল্লেখযোগ্য উন্নতি হবে। বিশেষজ্ঞরা মনে করছেন, প্রকল্পটি সম্পন্ন হলে দীর্ঘমেয়াদে এর সুফল নগরবাসী ভোগ করবে। এদিকে খুলনা সিভিল সার্জন অফিসের তত্ত্বাবধানে আজ ২৮ জুন ২০২৬ তারিখ থেকে খুলনাতে ৬মাস থেকে ৫ বছর বয়সী বাচ্চাদের ক্যাম্পেইনের মাধ্যমে ভিটামিন এ+ ক্যাপসুল দেওয়া হচ্ছে। খুলনা সিভিল সার্জন অফিসের তথ্যানুযায়ী, প্রথম পর্যায়ে প্রায় ২ লক্ষ্যাধিক শিশুকে এ ক্যাম্পেইনের আওতায় আনা হয়েছে এবং পরবর্তী ধাপগুলোতে সকল শিশুকে এ সেবার আওতায় আনা হবে।

**পরিবেশ :** বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু ও চিকুনগুনিয়ার প্রকোপ অনেকটা নিয়ন্ত্রণে রয়েছে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

**আইন শৃঙ্খলা :** খুলনা সিটি কর্পোরেশন এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক ও নিয়ন্ত্রণে রয়েছে। এ পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন প্রয়োগকারী সংস্থাগুলো সোচ্চার থাকার পাশাপাশি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এদিকে মাদকবিরোধী অভিযান জোরদার করেছে মাদকদ্রব্য অধিদপ্তরসহ খুলনা মেট্রোপলিটন পুলিশের কয়েকটি ইউনিট।

**দ্রব্যমূল্য :** খুলনার বাজারগুলোতে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম তুলনামূলক স্থিতিশীল অবস্থায় রয়েছে। তবে সবজি, ডাল, ডিম, মাংস ও কিছু কৃষিপণ্যের দামে ওঠানামা দেখা যাচ্ছে। স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সাক্য বাজার, গল্লামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় এক সপ্তাহের ব্যবধানে কিছু সবজির দাম কেজিপ্রতি ১০-১৫ টাকা পর্যন্ত বেড়েছে। তবে কাঁচাঝাল, পৈয়াজ ও রসুনের দাম আগের মতোই স্থিতিশীল আছে। অনেকক্ষেত্রে কৃত্রিম সংকট সৃষ্টি করে দাম বাড়ানোর অভিযোগ থাকায় জেলা প্রশাসনের, খুলনার নিয়মিত বাজার তদারকি ও মোবাইল কোর্ট কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাভ্য কমেছে।

**নৈতিক অবক্ষয় :** নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

**অপপ্রচার :** অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।



২৮-০৬-২০২৬

গাজী জাকির হোসেন

পরিচালক

ফোন : ০২৪৭৭৭২১৮৪২

ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২

ইমেইল : ddinfokhulna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব)  
মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

